



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৮২৫৪

তারিখ: ০৩ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

কচুয়া আহমদিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: শাহাপুর, উপজেলা: রামগঞ্জ, জেলা: লক্ষ্মীপুর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২০.১০.২০১৯ খ্রি. তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রি. তারিখ থেকে ৩০.০৬.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. মাদরাসার অধ্যক্ষকে মাদরাসা পরিচালনায় সার্বক্ষণিক ক্যাম্পাসে অবস্থান করতে হবে।
২. শিক্ষকদের উপর অধ্যক্ষের নিয়ন্ত্রণের ব্যাপারে গভর্ণিং বডিকে ব্যবস্থা নিতে হবে।
৩. ইয়াছমিন আক্তার, প্রভাষক (বাংলা) এর দীর্ঘদিন ধরে অনুমোদনবিহীন অনুপস্থিতির ব্যাপারে সুস্পষ্ট প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।
৪. শিক্ষক হাজিরা বহিতে অনিয়ম দূরীভূত করতে হবে।
৫. অধ্যক্ষ ও শিক্ষকমিলনায়তন সংলগ্ন টয়লেটের সুব্যবস্থা করতে হবে।
৬. সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে ফাজিল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির ব্যবস্থা নিতে হবে।
৭. শিক্ষকগণ শ্রেণিকক্ষে যাওয়ার সময় সরকার অনুমোদিত মূল বই সাথে নিয়ে যেতে হবে।
৮. সাপ্তাহিক জলসা ও মুক্তিযুদ্ধের উপর প্রতিযোগিতা করতে হবে।
৯. প্রতিদিন ক্যাশ বই লিখতে হবে এবং ক্যাশ বইতে প্রতিষ্ঠান প্রধানের অনুস্বাক্ষর দিতে হবে।
১০. কেন্দ্রীয় পরীক্ষাসমূহে শিক্ষার্থীর সংখ্যাগত হার ও ফলাফলের গুণগত মান বৃদ্ধি করতে হবে।
১১. মাদরাসার আয়-ব্যয় সুচারুরূপে পরিচালনার লক্ষ্যে অভ্যন্তরীণ অডিট টীমের কার্যক্রম স্বচল রাখতে গভর্ণিং বডিকে নজর দিতে হবে।
১২. শিক্ষার্থীদের গবেষণা কার্যক্রম উন্নতির লক্ষ্যে লাইব্রেরিতে রেফারেন্স বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
১৩. মাদরাসা প্রাঙ্গনে বৃক্ষরোপণ বৃদ্ধি করতে হবে।
১৪. ইলমে তাজবীদ ও আরবি ভাষা শিক্ষার প্রতি শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
১৫. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


16.02.2020

(ড. জাভেদ আহমাদ)

সহ. পরিদর্শক (অতি. দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

কচুয়া আহমদিয়া ফাজিল মাদরাসা


ডাকঘর: শাহাপুর, উপজেলা: রামগঞ্জ, জেলা: লক্ষ্মীপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৮২৫৪

তারিখ: ০৩ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, কচুয়া আহমদিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: শাহাপুর, উপজেলা: রামগঞ্জ, জেলা: লক্ষ্মীপুর।
- ৭। অফিস নথি।


16.02.2020

(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৯৭০-৮৭৭৮৭৮

অধি/নবায়ন/ফাইল নং-৮৫-০৯